

দৈনিক ইত্তেফাক

প্রতিদিন অজ্ঞান হোসেন মানিক মিয়া

অবকাঠামোগত সমস্যা ও শ্রেণিকক্ষ সংকটে শিক্ষা কার্যক্রম ব্যাহত



১৩ মে, ২০১৮ ইং ০০:০০ মি:



গাংনী (মেহেরপুর) সংবাদদাতা

গাংনীর হিজলবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ে অবকাঠামোগত সমস্যা ও শ্রেণিকক্ষ সংকটে শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে।

জানা গেছে, ১৯৬৭ সালে বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়। কিন্তু এখন পর্যন্ত অবকাঠামোগত উন্নয়নের ছোঁয়া লাগেনি বললেই চলে। এছাড়া মাধ্যমিক পর্যায়ে এমপিওভুক্ত না হওয়ায় কয়েকজন শিক্ষক-কর্মচারী মানবেতের জীবনযাপন করছেন। প্রায় ৬শ ছাত্র-ছাত্রী থাকলেও স্কুল ভবন, বেঞ্চসহ নানা সংকটে চলছে এ বিদ্যালয়টি। ছোট ছোট শ্রেণিকক্ষে বেঞ্চে ঠাসাঠাসি করে বসে ক্লাস করছে শিক্ষার্থীরা।

ছাত্র-ছাত্রীরা জানায়, শ্রেণিকক্ষ সংকট ও বেঞ্চ না থাকায় তাদের গাদাগাদি করে বসতে হয়।

হিজলবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান মনি জানান, মাধ্যমিক বিদ্যালয় উন্নয়নে সরকারিভাবে তেমন কোনো অবকাঠামো গড়ে উঠেনি। ছাত্র-ছাত্রীর সংখ্যা বেশি হওয়ায় দিন দিন সমস্যা বাঢ়ছেই। অন্যদিকে বেতন-ভাতা না পেয়ে কয়েকজন শিক্ষক-কর্মচারীর সংসার চলছে অনাহার অর্ধাহারে। হিজলবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়টি পার্শ্ববর্তী গ্রামগুলোর শিক্ষার্থীদের মাঝে শিক্ষার আলো ছড়িয়ে আসছে।

গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মীর হাবিবুল বাশার বলেন, আমাদের তেমন কিছু করার থাকে না। হিজলবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ের বিষয়ে উর্ধ্বর্তন কর্তৃপক্ষকে অবগত করা হয়েছে।

গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা বিষ্ণুপদ পাল জানান, ভবন নির্মাণ, বেঞ্চসহ অবকাঠামোর জন্য জেলা প্রশাসনের সহায়তা চেয়ে অনুরোধ করা হয়েছে। এছাড়া দ্রুত সময়ের মধ্যে হিজলবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রাথমিক সমস্যা দূরীকরণে ব্যবস্থা নেওয়া হবে।

তারপ্রাণে সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক প্রচ্চলিক অবকাঠামোগত সমস্যা ও শ্রেণিকক্ষ সংকটে শিক্ষা কার্যক্রম ব্যাহত | সারাদেশ | The Daily Ittefaq
ইত্তেফাক প্রচ্চলিক অবকাঠামোগত সমস্যা ও শ্রেণিকক্ষ সংকটে শিক্ষা কার্যক্রম ব্যাহত | সারাদেশ | The Daily Ittefaq
কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত